

## Countable and Uncountable

**Proper, Common ও Collective Noun** দ্বারা এমন কিছু বস্তুর নাম বুঝায় যেগুলোর সংখ্যা গণনা করা যায়। গণনা করা যায় বলে এগুলোকে **Countable Noun** বলে।

**Material Noun** এবং **Abstract Noun** কে গণনা করা যায় না বলে এ দু' প্রকার Noun কে **Uncountable Noun** বলে।

প্রকৃতি অনুসারে Noun দু' প্রকার। যথা :

- (i) Countable Noun এবং
- (ii) Uncountable Noun.

(i) **Countable Noun** (গণনাযোগ্য বিশেষ্য) : যেসব Noun কে সংখ্যা দিয়ে গণনা করা যায়, তাকে Countable Noun বলে। যেমন – flower plant, watch man. toy bench, key, fan. box, city, coin ইত্যাদি।

(ii) **Uncountable Noun** (অগণনাযোগ্য বিশেষ্য) : যেসব Noun কে সংখ্যা দিয়ে গণনা করা যায় না, তাকে Uncountable Noun বলে। যেমন- Silver, Wheat, rice, sand, courage, silk, happiness, cotton, wealth, honey, health, purity ইত্যাদি।

এছাড়া আরও এক ধরনের Noun আছে, যাকে Mass Noun বলে। এটি Countable কিংবা Uncountable কোনোটিই নয়। যেমন – My hair is growing. The grass is singing. Mass Noun-এর পর Verb সর্বদা Singular হয়।

Edited by

**Md. Kamrul Islam Shakil**

Asst. Teacher in English

Daffodil International School